

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd



## প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং-৮০.০০.০০০০.৪০৮.২৩.০০২.২১-২০৭

তারিখঃ ১৯.১২.২০২১

১৯ ডিসেম্বর রবিবার বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের “৭১ মিলনায়তন”-এ মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন বিষয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সচিব জনাব মোছাঃ আছিয়া খাতুন। কমিশনের মাননীয় চেয়ারম্যান জনাব মোঃ সোহরাব হোসাইন অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে কমিশনের বিজ্ঞ সদস্যগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতেই মহান মুক্তিযুদ্ধে নিহত শহীদদের উদ্দেশ্যে দাঁড়িয়ে ০১ (এক) মিনিট নীরবতা পালন করা হয়। এরপর চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক নির্মিত সরকারী কর্মচারীদের উদ্দেশ্যে বঙ্গবন্ধু “যেন মানুষ ভালোবাসে” শীর্ষক ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। আলোচনা সভায় বিজ্ঞ সদস্যগণ অংশগ্রহণ করেন। প্রধান অতিথির বক্তব্যে কমিশনের মাননীয় চেয়ারম্যান মোঃ সোহরাব হোসাইন বলেন, “সকল স্তরে বাঙালির ওপরে পাকিস্তানিদের বৈষম্য থেকে মুক্তি দিয়েছেন আমাদের স্বাধীনতার মহানায়ক সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। আমরা প্রত্যেকেই যদি নিজ নিজ দায়িত্ব সততার সাথে পালন করি এবং বঙ্গবন্ধুর আদর্শ অনুসরণ করি তবেই তাঁর স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলা সম্ভব। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠার মধ্য দিয়েই তাঁকে প্রকৃত সম্মান প্রদর্শন করা হবে। অনুষ্ঠানে কমিশনে সকল কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

Eurat Sharmin

০৯/১২/২১

(ইশরাত শারমীন)

জনসংযোগ কর্মকর্তা

ফোনঃ ৫৫০০৬৬৯০

email: pro.bpsc@gmail.com

বার্তা সম্পাদক/সিনিয়র রিপোর্টার/রিপোর্টার

সকল দৈনিক পত্রিকা ও অনলাইন নিউজ পোর্টাল

ছবির ক্যাপশনঃ কমিশনের মাননীয় চেয়ারম্যান জনাব মোঃ সোহরাব হোসাইন আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন।